ফোন ঃ
অফিস ঃ ৮৮০২২২২৩০০৭৬

গোপনীয়
রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (৮ম তলা),৭২, গ্রীণ রোড, ঢাকা-১২০৫।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২০.১১-৪২ তারিখঃ ২১/১১/১৪২৮বঙ্গাঃ
০৬/০৩/২০২২খ্রিঃ

জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২),
সহকারী প্রকৌশলী (পুর),
নকশা সার্কেল-১,
পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন)।
জনাব মোঃ তৌহিদুল ইসলাম
পিতাঃ সিরাজুল ইসলাম,
গ্রামঃ কাবিলপুর, পোষ্ট অফিসঃ উমেদপুর,
থানাঃ শীবচর, জেলাঃ মাদারীপুর।

**বিষয় ঃ চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ।**

রেকর্ড দৃষ্টে দেখা যায় যে, আপনি জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকাকে (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) কর্মচারী পরিদপ্তরের স্মারক নং-২৭১ তারিখঃ ২৭-১১-২০১৪ খ্রিঃ এর মাধ্যমে আপনাকে কে নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা হতে ওয়ামিপ, পাউবো, ঢাকায় বদলী যোগে পদায়ন করা হয়। কিন্তু আপনি বদলীকৃত দপ্তরে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে পরিচালক, কর্মচারী পরিদপ্তর বরাবরে সরাসরি গত ১৯-০৪-২০১৬ খ্রিঃ তারিখে স্বাক্ষরিত আবেদনপত্রে উক্ত তারিখ অপরাহ্ন হতে বোর্ডের চাকুরী হতে ইস্তফা প্রদানের জন্য আবেদন করেন। এছাড়াও ইতোপূর্বে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং-১৫৩-পাউবো(কপ)/বি-১/১বন-১০৭৯/০৭ তারিখঃ ২৩-০৮-২০১১ খ্রিঃ মোতাবেক আপনাকে জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা হতে ইসিআরআরপি, পাউবো, ঢাকায় বদলী করা হলে আপনি ২৫-০৯-২০১১ খ্রিঃ তারিখে উক্ত দপ্তরে একটি যোগদানপত্র রেখে দপ্তর ত্যাগ করেন। কিন্তু আপনার যোগদানপত্রের সাথে পূর্ববর্তী দপ্তরের কোন অব্যাহতিপত্র ছিল না। এমনকি যোগদানের পর হতে আপনি দাপ্তরিক কাজকর্মে অংশগ্রহণ না করে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। আপনার উক্ত ২৫-০৯-২০১১ খ্রিঃ তারিখ হতে ইস্তফা দাখিল পর্যন্ত সময়কালে দপ্তরে অননুমোদিত অনুপস্থিতি, দাপ্তরিক কাজে অবহেলা, দাপ্তরিক নিয়মকানুন না মানা, বদলীকৃত দপ্তর ওয়ামিপ, বাপাউবো, ঢাকায় যোগদান না করা, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ইস্তফাপত্র প্রদান না করা, বিধি মোতাবেক ১(এক) মাস পূর্বে চাকুরী হতে ইস্তফা প্রদান করার বিষয়ে দায় দায়িত্ব নিরূপনসহ আপনার ইস্তফাপত্রের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৩৩-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৪/২০১১ তারিখঃ ০১-১২-২০১৬ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা আপনার উক্ত অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

০২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও মতামত পর্যালোচনায় দেখা যায় যে, আপনি জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) গত ২৫/০৯/২০১১ হতে ২৩/০৬/২০১২ তারিখ পর্যন্ত প্রায় ০৯(নয়) মাস এবং ২৮/১১/২০১৪ খ্রিঃ হতে ১৮/০৪/২০১৬ খ্রিঃ পর্যন্ত প্রায় ০১(এক) বৎসর ০৪(চার) মাস ২০(বিশ) দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে সরাসরি পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো ঢাকা বরাবরে ইস্তফা পত্র প্রেরণ করেছেন।

৩। যেহেতু আপনি, জনাব মোঃ তৌহিদুল ইসলাম (আইডি নং-৮২১২৩১০০২), সহকারী প্রকৌশলী (পুর), নকশা সার্কেল-১, পাউবো, ঢাকা (প্রকল্প পরিচালক, ওয়ামিপ, বাপাউবো, ঢাকা এর দপ্তরে বদলীর আদেশাধীন) উপরোক্ত কার্যকরে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে আপনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

অঃ পৃঃ দ্রঃ

৪।	অতত্রব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১২৮-পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৪/২০১১ তারিখঃ ১৬/০৬/২০১৯খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার অফিসের ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযোগনামা প্রেরণের প্রেক্ষিতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও আপনি অভিযোগনামার জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-২৪০/পাউবো/শৃং/শা-১/অভি(ক)-০৪/২০১১ তারিখঃ ১৩/১১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে দাখিল করেন।

৫।	এক্ষণে যেহেতু তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) এবং ২(১)(১৩) মোতাবেক কতর্ব্য কর্মে অবহেলা, অসদাচরণ, এবং পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের অবতারণা হওয়ায় কেন আপনার বিরুদ্ধে "বরখাস্ত" (Dismissal from service) দণ্ড আরোপ করা হবে না প্রবিধান ৫২(৫) মোতাবেক তার কারণ দর্শানোর নোটিশ জারী করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৬।	অতএব কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার বিরুদ্ধে গত ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ায় আপনার উপর কেন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৮/১১/২০১৪ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি ঃ ১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-৩৮(আটত্রিশ) পাতা।

০৬/০৬/২০২২

(মোঃ মুজিবুর রহমান)
পরিচালক (অঃ দাঃ)
পরিচিতি নম্বরঃ ৬৩০৪০১০০১
টেলিফোন নম্বর ঃ ৮৮০২২২২৩০০৭৬
Dir.discipline.bwdb@gmail.com

০৬/০৬/২০২২

অনুলিপিঃ
১. প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-১/২, ৭২ গ্রীণ রোড, ঢাকা।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. নির্বাহী প্রকৌশলী, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।
৫. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশখানা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ২৫৮	তারিখঃ ১৩/০৬/22
প্রোগ্রামার ১/২	জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪	প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী	নথিতে পেশ করুন
অফিস সহকারী	নথিতে রাখুন
১৩/০৬/২০২২	তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E:\Eva Pradhan\charge\Deka.doc18